

# বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

তেজগাঁও শিল্প এলাকা

ঢাকা-১২০৮

## প্রশিক্ষণ বিভাগ

### প্রশিক্ষণ কোর্স চলাকালীন ওয়ার্কসপে প্রশিক্ষণার্থীদের পালনীয় সাধারণ নিয়মাবলী

১। কাজের সাধারণ সময়: সকাল ৯:০০ হতে বিকাল ৫:০০ পর্যন্ত (রবি-বৃহস্পতিবার)।

রমজানে কাজের সময়: সকাল ৯:০০ হতে বিকাল ৩:৩০ পর্যন্ত (রবি-বৃহস্পতিবার)।

(সরকারি সিদ্ধান্ত অনুযায়ী পরিবর্তন যোগ্য)

২। যে সকল প্রশিক্ষণার্থী ক্লাসে হাজির থাকতে পারবেন না, প্রশিক্ষণ বিভাগ থেকে পূর্বাঙ্কে অনুমতি গ্রহণ করতে হবে। ওয়ার্কসপে ১৫ মিনিট পর্যন্ত বিলম্বে উপস্থিতি গ্রহণযোগ্য হবে। ১৫ মিনিট এর বেশী দেরি করলে কাজ করার অনুমতি দেয়া হবে না। সপ্তাহে ৩ দিন দেরিতে উপস্থিতি কাজের অমনোযোগী বলে বিবেচিত হবে।

৩। অনুপস্থিতি : পূর্ব অনুমতি ছাড়া যদি কোন প্রশিক্ষণার্থী ক্লাসে অনুপস্থিত থাকেন, তা সংস্থাকে জানিয়ে দেয়া হবে। যারা কোন সংস্থা কর্তৃক প্রেরিত নন তাদের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। পূর্ব অনুমতি অথবা যুক্তিযুক্ত কারণ ছাড়া কোর্স মেয়াদে অর্থাৎ সর্বোচ্চ তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাসে ১৪ সপ্তাহে কোন প্রশিক্ষণার্থী ৭৫% হাজিরার কম অনুপস্থিত থাকেন নিয়মানুসারে তিনি প্রশিক্ষণ হতে বাদ যাবেন অর্থাৎ তিনি কোন সনদপত্র পাবেন না। অনানুমোদিত ও অনুমোদিত উভয় অনুপস্থিতিই সার্টিফিকেটে উল্লেখিত মোট কার্য দিবস হতে বাদ যাবে।

৪। ২ ঘণ্টা সময়ের ছুটির জন্য ডিজাইনার/এটিও/ফোরম্যান এবং পুরোদিন অথবা তার বেশী সময়ের ছুটির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রশিক্ষণ বিভাগকে লিখিতভাবে জানাতে হবে।

৫। নিরাপত্তা : ওয়ার্কসপে টিলা পোশাক ব্যবহার নিষিদ্ধ। বিশেষ করে ফাউন্ড্রি, তাপ বিভাগ, ইলেকট্রোপেটিং, মেশিনসপ, অটোমোবাইল এ প্রশিক্ষণার্থীদের নিরাপত্তা জুতা পরতে হবে। সপে অবস্থানকালে এ্যাপ্রোন ব্যবহার করতে হবে। তাছাড়া অন্যান্য নিরাপত্তার অভ্যন্তরীণ নিয়মাবলী মেনে চলতে হবে।

৬। যন্ত্রপাতি : যে সকল সরঞ্জাম, পরিমাপক যন্ত্র ইত্যাদি প্রশিক্ষণার্থীগণ স্টোর হতে গ্রহণ করবেন, কোর্স শেষ হবার পরে তা ভাল অবস্থায় ফেরৎ দিতে হবে। হারিয়ে গেলে অথবা নষ্ট করলে তার মূল্য পরিশোধে অপারগ হলে তা সংস্থাকে জানিয়ে দেয়া হবে এবং সার্টিফিকেট প্রদান বন্ধ থাকবে। কাজের সময় হাতিয়ার (সরঞ্জাম) ক্ষতিগ্রস্ত হলে বিভাগীয় প্রধানকে অবহিত করতে হবে।

৭। গৃহ সংরক্ষণ : প্রত্যেক কাজের পরে মেশিন টুলস্ ও কাজের জায়গাসহ সবকিছু পরিষ্কার রাখতে হবে।

৮। শৃঙ্খলা : প্রশিক্ষক-এর আদেশ মান্য করতে হবে। কোন প্রশিক্ষণার্থীর অবাধ্যতা পুরোপুরি বহিষ্কারের সামিল হবে।